২।

দৈনিক সংবাদ

তারিখ ... 06 JUN 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ছাত্র শিবিরের ৩৪ জন ক্যাডার গ্রেফতার

(সংবাদ প্রতিনিধি)

রাজশাহী, ৫ই জুন।– আজ দুপুরে রাজশাহী বিশ্ববিদ্যালয় সংলগ্ন এলাকা থেকে পুলিশ ইসলামী ছাত্রশিবিরের ৩৪ জন ক্যাডারকে গ্রেফতার করেছে। গ্রেফ–তারকৃত ঐসব শিবির ক্যাডার বিশ্ববিদ্যালয় প্রধান ফটকের সম্মুখে মিছিল করছিল। গ্রেফতারকৃত ক্যাডারদের বিরুদ্ধে সন্ত্রাসী মামলা আছে কিনা তা পুলিশ অনুসন্ধান করছে বলে জানা গেছে। পুলিশ অবশ্য গ্রেফতারকৃতদের ব্যাপারে সরাসরি কোন তথ্য দিতে চায়নি। বিশ্ববিদ্যালয় সংলগ্ন মতিহার থানায় যোগাযোগ করা হলে বলা হয়, এ ব্যাপারে তারা কিছুই জানে না। পরে বোয়ালিয়া থানায় জিজ্ঞেস করা হলে ডিউটি অফিসার জানান, গ্রেফতারের কথা তিনি শুনেছেন, তবে এ ব্যাপারে উর্ধ্বতন কর্মকর্তারা বলতে পারবেন।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ মোখলেসুর রহমান জানিয়েছেন, প্রাথমিক তথ্য অনুযায়ী গ্রেফতারকৃত ৩৪ জনের মধ্যে ৫ জন বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং বাদবাকিরা মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের শিবির ক্যাডার।

জানা গেছে, ছাত্র শিবির আহুত লাগাতার ধর্মঘট উপেক্ষা করে বিশ্ব–বিদ্যালয়ের কর্মকর্তা–কর্মচারীরা কাজকর্ম অব্যাহত রাখার ফলে ছাত্র শিবির নানাভাবে উত্তেজনা সৃষ্টির চেষ্টা চালাচ্ছে। আজকের মিছিলটিও একারণেই তারা করছিল। তবে মিছিল নিয়ে ক্যাম্পাসে তারা প্রবেশ করতে পারেনি। আরো জানা যায়, সাম্প্রতিক সময়ে মনোবল ভেঙে পড়ায় শিবির ক্যাডাররা অনেকটা মরিয়া হয়ে চোরাগোপ্তা হামলা চালাচ্ছে। গত মঙ্গলবার গভীর রাতেও তারা বাণিজ্য অনুষদের সাবেক ডীন হাবিবুর রহমান আকনের বাসভবন এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক মোহম্মদ ইউনুসের বাসভবন এলাকায় বোমা হামলা চালায়। বিশ্ববিদ্যালয় কর্মকর্তা–কর্মচারীরা জানি–য়েছেন, আগে এধরনের হামলায় ক্যাম্পাসে যতটা আতংক সৃষ্টি হতো এখন আর ততটা হয় না।